রিটার্নিং অফিসারের কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩
সরিষাবাড়ী, জামালপুর।

# গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি উপমা ফারিসা, উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক ১৪/০৩/২০২৩ তারিখে জারীকৃত গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযুদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে:

ক) ভোটার তালিকা প্রকাশ:

| ক্রমিক | বিবরণ | সময়কাল |
|---|---|---|
| ০১ | খসড়া ভোটার তালিকা প্রকাশ | ১৯/০৩/২০২৩ (রবিবার) |
| ০২ | খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ | ২২/০৩/২০২৩ (বুধবার) |
| ০৩ | দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ | ২৮/০৩/২০২৩ (মঙ্গলবার) |
| ০৪ | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ০২/০৪/২০২৩ (রবিবার) |

খ) নির্বাচনী তফসিল:

| | | |
|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র দাখিলের তারিখ | ০৫/০৪/২০২৩ (বুধবার) |
| ০২ | মনোনয়নপত্র বাছাই | ০৯/০৪/২০২৩ (রবিবার) |
| ০৩ | প্রার্থীতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপীলের তারিখ | ১১/০৪/২০২৩ (মঙ্গলবার) |
| ০৪ | আপীল নিস্পত্তির তারিখ | ১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার) |
| ০৫ | মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ | ১৬/০৪/২০২৩ (রবিবার) |
| ০৬ | চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ | ১৭/০৪/২০২৩ (সোমবার) |
| ০৭ | প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ | ১৮/০৪/২০২৩ (মঙ্গলবার) |
| ০৮ | ভোট গ্রহণের তারিখ | ১৩/০৫/২০২৩ (শনিবার) |

(ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে)

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় অর্থাৎ উপজেলা নির্বাহী অফিসার ও রিটানিং অফিসারের কার্যালয়, সরিষাবাড়ী, জামালপুর-এ এবং সহকারী রিটানিং অফিসারের কার্যালয় অর্থাৎ উপজেলা কৃষি অফিসার ও সহকারী রিটানিং অফিসারের কার্যালয়, সরিষাবাড়ী, জামালপুর-এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

১৬.০৩.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর
ও
রিটার্নিং অফিসার
সরিষাবাড়ী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন/২০২২-২৩

তারিখ: ১৬ মার্চ, ২০২৩ খ্রি

রিটার্নিং অফিসারের কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং: ০৫.৪৫.৩৯৮৫.০০০.১৬.০০১.২৩-১৯৪ তারিখ: ১৬/০৩/২০২৩ খ্রি:

**বিতরণ: (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

০১। আলহাজ্ব ডা: মোঃ মুরাদ হাসান, মাননীয় সংসদ সদস্য-১৪১, জামালপুর-০৪।

০২। জেলা প্রশাসক, জামালপুর ও প্রশাসক, জেলা মুক্তিযোদ্ধা সংসদ, জামালপুর।

০৩। প্রধান সমন্বয়কারী, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন/২০২২-২৩, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০।

০৪। মেয়র, সরিষাবাড়ী পৌরসভা, জামালপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর দাপ্তরিক নোটিশ বোর্ড এবং সরিষাবাড়ী পৌরসভার দর্শনীয়/ জনগুরুত্বপূর্ণ স্থান সমূহে টাঙিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

০৬। উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী, জামালপুর ও সহকারী রিটার্নিং অফিসার, সরিষাবাড়ী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন/২০২২-২৩।

০৭। বীর মুক্তিযোদ্ধা ......................................................................, সাবেক কমান্ডার, জেলা ইউনিট কমান্ড, জামালপুর।

০৮। বীর মুক্তিযোদ্ধা .........................................................., সাবেক ডেপুটি কমান্ডার, জেলা ইউনিট কমান্ড, জামালপুর।

০৯। বীর মুক্তিযোদ্ধা মোঃ মোফাজ্জল হোসেন, সাবেক কমান্ডার, উপজেলা ইউনিট কমান্ড, সরিষাবাড়ী, জামালপুর।

১০। বীর মুক্তিযোদ্ধা জনাব---------------------------------------------------------------------------------------।

১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সরিষাবাড়ী, জামালপুর (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।

১২। চেয়ারম্যান--------------------------- ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর। (তাকে বিজ্ঞপ্তিটি তার দাপ্তরিক নোটিশ বোর্ড এবং ইউনিয়নের দর্শনীয়/জনগুরুত্বপূর্ণ স্থানসমূহে টাঙিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৩। অফিস কপি/নোটিশ বোর্ড, এ কার্যালয়।

১৬.০৩.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী ,জামালপুর
ও
রিটার্নিং অফিসার
সরিষাবাড়ী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন/২০২২-২৩